

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৯৫০

२०. रेष्ण (کتاب الحج)

পরিচ্ছেদঃ ৮১ হজ্জ সম্পর্কীয় বিবিধ আহকাম

بَاب جَامِعِ الْحَجِّ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ أَنَّهُ سَمِعَهُ يَذْكُرُ أَنَّ رَجُلًا مَرَّ عَلَى أَبِي ذَرِّ بِالرَّبَذَةِ وَأَنَّ أَبَا ذَرِّ سَأَلَهُ أَيْنَ تُرِيدُ فَقَالَ أَرَدْتُ الْحَجَّ فَقَالَ هَلْ نَرَعَكَ غَيْرُهُ فَقَالَ لَا قَالَ لَا قَالَ فَأْتَنِفُ الْعَمَلَ قَالَ الرَّجُلُ فَخَرَجْتُ حَتَّى قَدِمْتُ مَكَّةُ فَمَكَثْتُ مَا نَزَعَكَ غَيْرُهُ فَقَالَ لَا قَالَ لَا قَالَ فَأْتَنِفُ الْعَمَلَ قَالَ الرَّجُلُ فَخَرَجْتُ حَتَّى قَدِمْتُ مَكَّةُ فَمَكَثْتُ مَا شَاءَ اللَّهُ ثُمَّ إِذَا أَنَا بِالنَّاسِ مُنْقَصِفِينَ عَلَى رَجُلٍ فَضَاغَطْتُ عَلَيْهِ النَّاسَ فَإِذَا أَنَا بِالشَّيْخِ النَّاسِ مُنْقَصِفِينَ عَلَى رَجُلٍ فَضَاغَطْتُ عَلَيْهِ النَّاسَ فَإِذَا أَنَا بِالشَّيْخِ النَّاسَ وَإِذَا أَنَا بِالشَّيْخِ اللَّهُ ثُمَّ إِذَا أَنَا بِالرَّبَدَةِ يَعْنِي أَبَا ذَرِّ قَالَ فَلَمَّا رَآنِي عَرَفَنِي فَقَالَ هُوَ الَّذِي حَدَّثُتُكَ

## বাংলা

রেওয়ায়ত ২৫৫. মুহাম্মদ ইবন ইয়াহইয়া ইবন হাবান (রহঃ) বর্ণনা করেন, রবাযা নামক স্থানে আবূ যর (রাঃ)-এর নিকট দিয়া এক ব্যক্তি পথ অতিক্রম করিয়া যাইতেছিলেন। তাহাকে দেখিয়া তিনি বলিলেনঃ কোথায় যাইতেছ? তিনি বলিলেনঃ হজ্জের উদ্দেশ্যে যাত্রা করিয়াছি। তিনি বলিলেনঃ অন্য কোন উদ্দেশ্য তো নাই? তিনি বলিলেনঃ না। আবৃ যর (রাঃ) বললেনঃ আচ্ছা যাও, তোমার কাজ তুমি কর।

ঐ ব্যক্তি বলেনঃ আমি মক্কায় চলিয়া গেলাম। আল্লাহর যতদিন ইচ্ছা হইল আমি সেখানে রহিয়া গেলাম। একদিন দেখি এক ব্যক্তিকে কেন্দ্র করিয়া মানুষ খুবই ভিড় করিয়া আছে। ভিড়ের ভিতরে যাইয়া দেখি, রবাযায় যাহার সঙ্গে আমার সাক্ষাৎ হইয়াছিল [আবূ যর (রাঃ)] তিনি বসিয়া আছেন। তিনি আমাকে দেখিয়া চিনিয়া ফেলিলেন এবং বলিলেনঃ তুমি সেই ব্যক্তি না, যাহাকে আমি হাদীস বর্ণনা করিয়া শুনাইয়াছিলাম।

## **English**

Yahya related to me from Malik that Yahya ibn Said heard Muhammad ibn Yahya ibn Habban mentioning that a certain man passed Abu Dharr at ar-Rabadha (which was about 30 miles from Madina) and Abu Dharr asked him, "Where are you heading to?" and he replied, "I am intending to do hajj." Abu Dharr questioned, "Has anything else brought you out?" and he said, "No,"



so Abu Dharr said "Resume what you are doing wholeheartedly."

The man related, "I went on till I came to Makka and I stayed as long as Allah willed. Suddenly, one time, I was with a crowd of people thronging about a man and I pushed through the people to him and it was the old man that I had come across at ar- Rabadha. When he saw me, he recognized me and said, 'Ah, you have done what I told you.' "

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন